# DhakaProbe

সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 14 Sep 2026, 01:43 PM


রাজনীতি

# কর্নেল অলিকে রাষ্ট্রপতি প্রার্থী করল জামায়াত জোট

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। ছবি : সংগৃহীত

লিবারেল ডেমোক্র্যাটিক পার্টির (এলডিপি) সভাপতি কর্নেল (অব.) অলি আহমদকে রাষ্ট্রপতি প্রার্থী হিসেবে ঘোষণা করেছে জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন ১১ দলীয় জোট।

রোববার (৯ আগস্ট) দুপুরে ১১ দলীয় জোটের শীর্ষ নেতাদের বৈঠক শেষে সাংবাদিকদের এ তথ্য জানান জাতীয় সংসদের বিরোধীদলীয় চিফ হুইপ ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম।

রাজধানীতে অনুষ্ঠিত ওই বৈঠকে জোটের শীর্ষ নেতারা উপস্থিত ছিলেন। বৈঠকে দেশের চলমান রাজনৈতিক পরিস্থিতি, জোটের পরবর্তী কর্মসূচি এবং রাষ্ট্রপতি নির্বাচনসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়েছে বলে জানা গেছে।

বৈঠক শেষে নাহিদ ইসলাম সাংবাদিকদের বলেন, ১১ দলীয় জোটের পক্ষ থেকে কর্নেল (অব.) অলি আহমদকে রাষ্ট্রপতি প্রার্থী করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

কর্নেল (অব.) অলি আহমদ এলডিপির সভাপতি। তিনি বাংলাদেশ সেনাবাহিনীর সাবেক কর্মকর্তা এবং মুক্তিযুদ্ধে বীর বিক্রম খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা।

এর আগে ২০২৫ সালের শেষ দিকে এলডিপি জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন জোটে যুক্ত হয়। পরবর্তী সময়ে জোটটি ১১ দলীয় কাঠামোতে কার্যক্রম পরিচালনা করছে।

রাষ্ট্রপতি প্রার্থী হিসেবে অলি আহমদের নাম ঘোষণার মধ্য দিয়ে জোটের রাজনৈতিক সমীকরণে নতুন মাত্রা যুক্ত হলো।

---

## এ বিভাগের আরও খবর



**ঢাকার দুই সিটিতে জামায়াতের মেয়র প্রার্থী ঘোষণা**
আসন্ন ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশন নির্বাচনে মেয়র প্রার্থীর নাম অনানুষ্ঠানিকভাবে ঘোষণা করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী।সোমবার (১৪ সেপ্...




**নারীর আর্থ-সামাজিক উন্নয়নে সবাইকে একসঙ্গে কাজ করতে হবে: রিজভী**
নারীদের অধিকার নিশ্চিত করতে হলে তাদের শিক্ষার আলোয় আলোকিত ও আর্থিকভাবে স্বাবলম্বী হতে হবে। নারীর সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে সবাইকে একসঙ্গ...




**ফ্যাসিস্ট হাসিনার আমলে ভারতের সঙ্গে ১০১ চুক্তি পর্যালোচনা, সবার আগে বাংলাদেশ: চিফ হুইপ**

ফ্যাসিস্ট শেখ হাসিনার শাসনামলে ভারতের সঙ্গে হওয়া ১০১টি চুক্তি পর্যালোচনা করছে বর্তমান সরকার। এসব চুক্তির বিষয়ে শিগগিরই সিদ্ধান্ত নেওয়া হবে ব...



**আসিফ নজরুলের গ্রেপ্তার চাইলেন নাসীরুদ্দীন পাটওয়ারী**

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেছেন, অন্তর্বর্তী সরকারের সাবেক আইন উপদেষ্টা ড. আসিফ নজরুলকে গ্রেপ্তার কর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/politics/krnel-olike-rashtrpti-prarthi-krl-jamayat-jot